


## “প্রেস বিজ্ঞপ্তি”

### কুয়াকাটাস্থ SEA-ME-WE-5 সাবমেরিন ক্যাবলের ব্যান্ডউইড্থ সিঁজাপুর প্রান্তে পুনঃসংযোগ প্রসঙ্গে

ঢাকা, ২৭ এপ্রিল, ২০২৪ খ্রিঃ বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি) সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানাচ্ছে যে, গত ১৯/০৪/২০২৪খ্রি. শূক্রবার দিবাগত রাত ১২ টায় বিএসসিপিএলসি এর আওতাধীন দেশের দ্বিতীয় সাবমেরিন ক্যাবলটি (SMW-5) সিঁজাপুর হতে পশ্চিম প্রান্তে ইন্দোনেশিয়ার জলসীমায় আকস্মিকভাবে বিচ্ছিন্ন হয়ে যায়। SMW5 কনসোর্টিয়াম ইন্দোনেশিয়ায় সমুদ্রের তলদেশে ক্যাবল মেরামতের জন্য ইতিমধ্যে উদ্যোগ গ্রহণ করেছে। কনসোর্টিয়ামের সর্বশেষ তথ্য অনুযায়ী ইন্দোনেশিয়ার সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি প্রাপ্তি সাপেক্ষে আগামী মে’২০২৪ এর শেষ সপ্তাহে ক্যাবলটির রক্ষণাবেক্ষণ কাজ সম্পন্ন হবে। উল্লেখ্য যে, SMW-5 এর মাধ্যমে বিচ্ছিন্নকৃত প্রায় ১৬০০ জিবিপিএস ব্যান্ডউইড্থ SMW-4 ক্যাবলে স্থানান্তর করার জন্য বিএসসিপিএলসি হতে প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে এবং গ্রাহকগণ বিএসসিপিএলসির মাধ্যমে নিজস্ব ব্যবস্থাপনায় চাহিদা মোতাবেক তাদের সার্কিটসমূহের সংযোগ চালু করার প্রক্রিয়া গ্রহণ করেছে।

সম্মানিত গ্রাহকগণের সাময়িক অসুবিধার জন্য বিএসসিপিএলসি কর্তৃপক্ষ আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছে।

  
২৭/০৪/২০২৪  
(সাইদুর রহমান)

মহাব্যবস্থাপক (চালনা ও রক্ষণাবেক্ষণ), বিএসসিপিএলসি

বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি

ফোন (অফিস): +৮৮০২২২৬৬০৩৩১৪

E-mail: gm.onm@bscplc.gov.bd

প্রতি,

বার্তা সম্পাদক/চিফ রিপোর্টার

বি:দ্র: উপরোক্ত প্রেস বিজ্ঞপ্তিটি আগামী ২৮/০৪/২০২৪খ্রি. তারিখে আপনার পত্রিকায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।